# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 26 May, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি)-এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষের লেভেল-১, সেমিস্টার-১ স্নাতক পর্যায়ের চূড়ান্ত ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

সোমবার (২৬ মে) সকাল থেকেই শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে ব্লাড গ্রুপিং করে রিপোর্ট জমা দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করেছে। টিএসসি কনফারেন্স হলে শিক্ষা শাখা, কোষাধ্যক্ষ শাখা ও পূবালী ব্যাংকের কার্যক্রম চলছে একসাথে।কেউবা শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট জমা দিচ্ছে।আবার কেউবা লটারির মাধ্যমে হল নির্বাচন করছেন।ডিন ও পরিচালকরা সংশ্লিষ্ট অনুষদ ও ইনস্টিটিউট অফিসে শিক্ষার্থীদের মূল কাগজপত্র যাচাই করে ভর্তি ফরমে স্বাক্ষর দিচ্ছেন।

শিক্ষার্থীদের পাশাপাশি অভিভাবকরাও আসায় বিশ্ববিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়েছে।বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, ভর্তি কার্যক্রম যাতে নির্বিঘ্নে সম্পন্ন হয়, সে জন্য সব ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

জানা যায়, ভর্তি কার্যক্রমে অংশ নিতে সশরীরে উপস্থিত হওয়ার আগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নির্ধারিত ওয়েবসাইটে প্রবেশ করে পিন ও রোল নম্বর দিয়ে লগইন করতে বলা হয়েছে।এরপর প্রয়োজনীয় তথ্য পূরণ করে পাসপোর্ট সাইজ ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে।সব তথ্য দেওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিকেল ফরম ও পে-স্লিপ তৈরি হবে, যা ডাউনলোড করে প্রিন্ট করতে হবে এবং নির্ধারিত দিনে জমা দিতে হবে।

চলতি বছর ভর্তি ও আনুষঙ্গিক ফি নির্ধারণ করা হয়েছে ৬,২১৪ টাকা।তবে যেসব শিক্ষার্থী ইতোমধ্যে অনলাইনে ১০,০০০ টাকা পরিশোধ করেছেন, তাদের নতুন করে টাকা দিতে হবে না।অনলাইনে পরিশোধ করা অর্থ থেকে নির্ধারিত ফি কেটে রেখে বাকি টাকা পূবালী ব্যাংকে শিক্ষার্থীর অ্যাকাউন্টে ফেরত দেওয়া হবে।

তিন দিনব্যাপী এ কার্যক্রম ২৬ মে থেকে শুরু হয়ে চলবে ২৮ মে পর্যন্ত।প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এই ভর্তি কার্যক্রম চলবে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:23

URL: https://www.timestodaybd.com/campus/7758072956